

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[জনপ্রশাসন শাখা]
www.dknvat.gov.bd

নথি নং-২(২৩)-১/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/বিবিধ/দপ্তর আদেশ/২০১২/

তারিখ: / / ২০২৬ খ্রি.

অফিস আদেশ

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯৫ এর উপ ধারা-১ ও ১(ক) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-৬৮ এর উপ বিধি-১ এর মাধ্যমে সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তাকে বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদানের বিধান রয়েছে।

২। উক্ত আইন ও বিধি মোতাবেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকার আওতাধীন বিভাগীয় কর্মকর্তাগণকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) স্ব স্ব বিভাগীয় দপ্তরের বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদান করা হলো। বকেয়া আদায় কর্মকর্তাগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্ব স্ব বিভাগের বকেয়া কর আদায়ের কার্যক্রম গ্রহণ করবেন।

৩। বকেয়া আদায় কর্মকর্তাগণ বকেয়া আদায়ের ক্ষেত্রে ইস্যুকৃত পত্রসমূহে নিজ পদবীর পাশাপাশি “বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO)” পদবী ব্যবহার করবেন। এ কমিশনারেটের পত্র নম্বর- ২(২৩)-১/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/বিবিধ/দপ্তর আদেশ/২০১২/২৪৬, তারিখ: ২৩/০৭/২০২০ এর মাধ্যমে জারিকৃত আদেশ এতদ্বারা রহিত করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

স্বঃ

মোঃ সামছুল ইসলাম
কমিশনার

ফোন: ০২-৪৮৯৫৮১১৫


ই-মেইল: commdkn@yahoo.com

নথি নং-২(২৩)-১/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/বিবিধ/দপ্তর আদেশ/২০১২/১৬৮ (২-২)

তারিখ: ০২/০৮/২০২৬ খ্রি.

প্রাপক; অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ২। যুগ্ম কমিশনার-১/২/৩, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৩। উপ কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও/গুলশান/বনানী/বসুন্ধরা/উত্তরা/আশুলিয়া বিভাগ।
- ৫। রাজস্ব কর্মকর্তা (সকল সার্কেল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সার্কেল।
- ৬। রাজস্ব কর্মকর্তা (সকল)/সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৭। পিএ টু সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন/মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। মিনিস্ট্রিয়াল কর্মচারী (সকল)/নির্বাহী কর্মচারী (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৮। পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।



মোঃ শামসুল আরেফিন খান
যুগ্ম কমিশনার